

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
আরবান সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে  
পরিসংখ্যান ভবন (৩ তলা, ব্লক-২), ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭  
ওয়েবসাইট: www.bbs.gov.bd

নং: ৫২.০১.০০০০.৪০৩.৯৯.০০৪.১৯.১৩৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬  
২১ নভেম্বর, ২০১৯


## কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্তৃক বাস্তবায়নধীন Urban Socioeconomic Assessment Survey শীর্ষক জরিপের তথ্য সংগ্রহের জন্য প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক কোটেশন আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	বিবরণ	সংখ্যা
০১	এক্সিকিউটিভ ব্যাগ সরবরাহ	১০০ (একশ) টি

### শর্তাবলি:

- ০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন শিডিউল ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে, পরিসংখ্যান ভবন (৩ তলা, ব্লক-২), ই-২৭/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭-এর দপ্তর হতে ২১/১১/২০১৯ থেকে ২৫/১১/২০১৯ খ্রি. তারিখ বেলা ১১:০০ টা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।
- ০২। কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ২৫/১১/২০১৯ খ্রি. তারিখ বেলা ১২:০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং ২৫/১১/২০১৯ খ্রি. তারিখ বেলা ০১:০০ টায় দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন করা হবে।
- ০৩। কোটেশনের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র ও ব্যাংক সলভেন্সি সনদের কপি দাখিল করতে হবে।
- ০৪। কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বর্ণিত মালামাল সরবরাহ করতে হবে।
- ০৫। সরবরাহকৃত মালামাল 'সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে'-এর যাচাই ও গ্রহণ কমিটি কর্তৃক স্পেসিফিকেশন অনুযায়ী গ্রহণ করা হবে।
- ০৬। সরবরাহকৃত মালামালে কোন প্রকার ত্রুটি/ সমস্যা দেখা দিলে নিজ খরচে প্রতিস্থাপন করতে হবে।
- ০৭। কৃতকার্য দরদাতার সাথে ক্রয়কারী কর্তৃপক্ষের পক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতির চুক্তিপত্র স্বাক্ষর করবেন যাতে এক্সিকিউটিভ ব্যাগ সরবরাহ সংক্রান্ত শর্তাবলী বিস্তারিত উল্লেখ থাকবে, যা উভয়পক্ষ কর্তৃক প্রতিপালিত হবে।
- ০৮। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবেন না।
- ০৯। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে-এর দপ্তর থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবিকৃত বিল পরিশোধ করা হবে। এজন্য ডাটাবেইজ সরবরাহ সংক্রান্ত ৩ কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।
- ১০। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



মো. আলমগীর হোসেন  
ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
ফোন: ০২-৫৫০০৬৮৩৩

ইমেইল: alamgir.hossen@bbs.gov.bd

### বিতরণ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস-এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (বিজ্ঞপ্তিটি বিসিসি'র নোটিস বোর্ডসহ ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। সভাপতি, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে, বিবিএস।
- ০৪। সদস্য-সচিব/সদস্য, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে, বিবিএস।
- ০৫। হেড অব সাপ্লাই চেইন, বিশ্ব খাদ্য সংস্থা, আইডিবি ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার/ব্যক্তিগত কর্মকর্তা, বিবিএস ঢাকা।
- ০৭। অফিস নোটিস বোর্ড, পরিসংখ্যান ভবন (নিচ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৮। হিসাব শাখা, সোসিওইকোনমিক অ্যাসেসমেন্ট সার্ভে, বিবিএস, ঢাকা।
- ০৯। সরবরাহযোগ্য ফর্ম: .....
- ১০। অফিস কপি।